দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬

# নজরুল ভার্সিটির নয়া উপাচার্য ড. মোস্তাফিজুর রহমান

**স্টাফ রিপোর্টার ॥** জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে যোগদান করেছেন প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগের আদেশের পর মঙ্গলবার সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের এ আধ্যাপক নতুন উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন।

প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান এশিয়ান ইউনিভার্সিটি এবং নর্দান ইউনিভার্সিটিতে খন্ডকালীন শিক্ষক হিসেবেও কাজ করেন। রাজশাহীর বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগে তিনি সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন ৫ বছর ধরে। ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ হতে বি. এ (সম্মান) এবং এম. এ ডিগ্রী অর্জন করেন। তিনি ফিলিপিন্সের (ইউপিলিবি) বিশ্ববিদ্যালয় হতে এম. এস সম্পন্ন করেন গ্রামীণ সমাজবিজ্ঞান বিষয়ে। রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞানে পিএইচ. ডি. ডিগ্রী অর্জন করেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ ৩৪ বছরের শিক্ষকতায় বিভিন্ন সময় তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য, একাডেমিক কাউন্সিলের নির্বাচিত সদস্য, প্রক্টরিয়াল বডির সদস্য, বিভাগীয় প্রধান, হলের হাউস টিউটর, শিক্ষক সমিতির ৩ বার নির্বাচিত সদস্য তার মধ্যে অন্যতম।

ড. মোস্তাফিজুর রহমান ১৯৫৬ সালের ১ ফেব্রুয়ারি জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলায় জন্মগ্রহণ করেন। মঙ্গলবার কাজে যোগদান করে তিনি প্রথমে শিক্ষক-কর্মকর্তা ও শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে এবং পরে বিশ্ববিদ্যালয়ের বিজয় স্তম্ভ 'চির উন্নত মম শির'-এ পুষ্পস্তবক অর্পণ করেন।

**ঢাকা রেসিডেন্সিয়ালে নতুন অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল শরিফুল ইসলাম ॥** ব্রিগেডিয়ার জেনারেল শেখ শরিফুল ইসলামকে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। এ সেনা কর্মকর্তাকে অধ্যক্ষ হিসেবে প্রেষণে নিয়োগ দিতে মঙ্গলবার তার চাকরি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে ন্যস্ত করে আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।